সিইএস মেলার চোখ ধাঁধানো প্রযুক্তি

সোহেল রানা

আমেরিকার লাস ভেগাসে ৭ থেকে ১০ জানুয়ারি অনুষ্ঠিত হয় অত্যাধুনিক প্রযুক্তিপণ্যের বৃহত্তম আসর কনজ্যুমার ইলেকট্রনিক্স শো তথা সিইএস মেলা। প্রতিবারের মতো এবারও মেলায় ছিল চোখ ধাঁধানো পণ্যের বিপুল সমাহার। মেলায় প্রদর্শিত পণ্যগুলো চলতি বছর জুড়েই বাজার মাতাবে বলে বিশেষজ্ঞদের অভিমত। মেলার সেরা এবং চমকপ্রদ ১০ প্রযুক্তিপণ্য নিয়ে এই লেখা।

ব্লুটুথ টুথব্রাশ

ইনোভেটিভ টেকনোলজির সিইএস প্রদর্শনীতে ব্লুটুথ টুথব্রাশ নতুন চমক সৃষ্টি করে। কলিব্রি নামের এই টুথব্রাশটি তৈরি করেছে একই নামের একটি ফরাসি কোম্পানি। ব্রাশটিতে রয়েছে টুইট সুবিধা। ব্লুটুথের পাশাপাশি এই টুথব্রাশে রয়েছে অ্যাক্সেলেরোমিটার, জায়রোস্কোপ ও ম্যাগনেটোমিটার সেন্সর। এগুলো কাজে লাগিয়ে রেকর্ড করা হবে আপনি কীভাবে ও কতক্ষণ সময় নিয়ে ব্রাশ করছেন। এই ব্রাশ ব্যবহারের সময় অ্যাপ্লিকেশনটি সরাসরি আপনার ব্রাশের

পারফরম্যান্স দেখাবে। ব্রাশিং শেষে তথ্যগুলো অ্যান্ড্রয়েড কিংবা আইফোনে অ্যাপ্লিকেশনে পাঠানো যাবে ব্লুটুথ ব্যবহার করে। প্রথমত আমেরিকার বাজারে পণ্যটি পাওয়া যাবে ৯৯ থেকে ১৯৯ ডলারে।

পেবল স্মার্টওয়াচ

সিইএস মেলায় পরিধানযোগ্য কমপিউটিং ডিভাইসে চমক দেখিয়েছে পেবল স্মার্টওয়াচ। বেশ কিছুদিন ধরে কাজ করে পেবল স্মার্টওয়াচের হাল সংস্করণে যুক্ত হয়েছে নতুন

ফিচার এবং ডিজাইনে এসেছে পরিবর্তন। এতে যুক্ত হয়েছে গোরিলা গ্লাস, প্লাস্টিকের ফ্রেমের বদলে স্টেইনলেস স্টিল ব্যবহার করা হয়েছে। ওয়াটার প্রুফ সুবিধার পাশাপাশি আছে ট্রাই কালার এলইডি ডিসপ্লে। এর অ্যান্ড্রয়িড এবং আইফোনে সমর্থিত ডিসপ্লেকে ইচ্ছেমতো কাস্টোমাইজ করা যাবে। এটির দাম বাড়িয়ে ২৫০ ডলার করা হয়েছে।

ফোরকে আল্ট্রা এইচডি টেলিভিশন

আল্ট্রা এইচডি (হাই ডেফিনেশন) এবং বড় পর্দার টেলিভিশন ছিল সিইএস মেলার অন্যতম প্রধান আকর্ষণ। স্যামসাং, এলজি, ভিজিওর এসব আল্ট্রা এইচডি টেলিভিশনের মধ্যে দর্শকদের নজর কাড়ে ১০৫ ইঞ্চির বাঁকানো পর্দার টেলিভিশন। ৩-৪ মিটার দূরত্বের মধ্যে থেকে এই টেলিভিশনটির প্রতিটি পিক্সেল উপভোগ করা যায়। এর অটো ডেপথ অ্যানহ্যান্সার প্রযুক্তি সুবিধার ফলে আলাদা গ্লাস ব্যবহার ছাড়াই থ্রিডি ইফেক্ট অনুভব করা যায়।

এছাড়া এলজির ৭৭ইসি৯৮০০ সিরিজের ৭৭ ইঞ্চির ওএলইডি টেলিভিশনটি প্রযুক্তিপ্রেমীদের আকৃষ্ট করে। এই আল্ট্রা এইচডি টেলিভিশনটিতে এলজির নতুন ওয়েব ওএস স্মার্ট ইন্টারফেস যুক্ত আছে।

এনভিডিয়া টেগরা কে১ প্রসেসর

সিইএস মেলায় অত্যাধুনিক প্রযুক্তির এনভিডিয়া টেগরা প্রসেসর প্রদর্শিত হয়েছে। এর ফলে গেমিং পিসিতে বিপ্লব সাধিত হবে। এনভিডিয়ার ১৯২টি গ্রাফিক্স কোরের

কোয়ালকম টেগরা কে১ প্রসেসরটি অ্যাপলের এ৭ চিপ থেকে তিনগুণ দ্রুত কাজ করতে সক্ষম। এই প্রসেসরের সমন্বয়ে বাজারে আসবে পরবর্তী প্রজন্মের গেমিং পিসি।

নতুন এই প্রসেসর দুটি ভিন্ন মডেলে পাওয়া যাবে। ৩২ বিটের কোয়াড কোর প্রসেসরের সর্বোচ্চ গতি ২.৩ গিগাহার্টজ পর্যন্ত এবং ৬৪ বিটের কোয়াড কোরের সর্বোচ্চ গতি ২.৫ গিগাহার্টজ পর্যন্ত। চিপ দুটি যথাক্রমে বছরের মাঝামাঝি ও শেষে পাওয়া যাবে। অ্যান্ড্রয়িড ডিভাইসে ৬৪ বিটের মোবাইল কমপিউটিংয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। *(বাকি অংশ ৪৫ পৃষ্ঠায়)*

হাইড্রোজেন কার

এবারের সিইএস মেলায় গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান টয়োটা হাইড্রোজেন ও বাতাসের মিশ্রণে চলতে সক্ষম এক গাড়ি প্রদর্শন করেছে। টয়োটার ভিন্নধর্মী এ গাড়িটির নাম ফুয়েল সেল ভেহিকল (এফসিভি) ইলেকট্রনিক কনসেপ্ট কার। গাড়িটিতে হাইড্রোজেন ও বাতাসের মিশ্রণে পানি উৎপন্ন হয়, যা পরে বিদ্যুৎ উৎপন্ন করে। উৎপাদিত বিদ্যুতের মাধ্যমে গাড়িটি চলে। টয়োটা জানিয়েছে, গাড়িটি একবার রিফিলে ৩১০ মাইল অনায়াসে চলবে। মাঝারি আকৃতির চার দরজাবিশিষ্ট এ গাড়িটি থেকে পানির বাষ্প ছাড়া অন্য কিছু নির্গমন হয় না।

গাড়িটির জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে এটি রিফিল করতে পারবে এমন ফুয়েলিং স্টেশন খুঁজে পাওয়া। ক্যালিফোর্নিয়া ২০১৫ সাল নাগাদ গাড়িটির জন্য উপযোগী হবে এমন বিশটি ফুয়েলিং স্টেশন স্থাপনের জন্য ২০ কোটি ডলার আর্থিক সহায়তা দিতে রাজি হয়েছে। টয়োটার এ গাড়িটি ২০১৫ সাল নাগাদ বাজারে আসতে পারে।

থ্রিডি ক্যামেরার ল্যাপটপ

ল্যাপটপের জন্য থ্রিডি ক্যামেরা প্রদর্শন করে মেলায় চমক দেখিয়েছে ইন্টেল। নতুন প্রযুক্তির এই থ্রিডি ক্যামেরাতে উন্নত মানের সেন্সর ব্যবহার করা হয়েছে। ক্যামেরাটি দিয়ে কোনো ছবি তোলার সময় সেটির ব্যাকগ্রাউন্ড পরিবর্তন করা যাবে। এটি দিয়ে দূরত্ব, আকার-আকৃতি, গভীরতা, রং এবং কোনো বস্তুর সীমারেখাও পরিমাপ করা যাবে। রিমোর্ট নিয়ন্ত্রিত এই ক্যামেরা দিয়ে থ্রিডি ব্লুপ্রিন্ট তৈরি করা যায়। ক্যামেরাটি শরীরের অঙ্গভঙ্গি, ভয়েস এবং ফেসিয়াল এক্সপ্রেশন দিয়ে নিয়ন্ত্রণ করা ছাড়াও ইমোশন নির্ণয় করতে এতে আছে বিশেষ সেন্সর।

গ্যালাক্সি নোট প্রো ট্যাবলেট

সিইএস মেলার ট্যাবলেট ক্যাটাগরিতে প্রযুক্তিপ্রেমীদের বেশি নজর কেড়েছে স্যামসাং গ্যালাক্সি নোট প্রো ১২.২। মাল্টিটাস্কিং ফিচারের ১২.২ ইঞ্চি পর্দার এই ট্যাবলেটে আছে একসাথে চারটি অ্যাপস চালানোর সুবিধা। ডিভাইসটিতে পার্সোনাল, কর্মক্ষেত্র, সামাজিক এবং বিনোদনের খবরাখবর জানতে আলাদা আলাদা স্ক্রিন আছে। অফিসিয়াল কাজ করার জন্য আছে বিল্ট-ইন অফিস অ্যাপস। স্বাচ্ছন্দ্য ব্যবহারে রয়েছে ল্যাপটপের আদলে কিবোর্ড লেআউট। তিন জিবি র‍্যাম ও কোয়ালকমের স্ন্যাপড্রাগন ৮০০ প্রসেসরের এই ট্যাব ইতোমধ্যে বেশ সাড়া ফেলেছে।

স্মার্টলক

নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে আসছে অত্যাধুনিক সব প্রযুক্তি ধারণার স্মার্টলক বা স্মার্টতালা। সিইএস মেলায় গোজি স্মার্টলক নামে অ্যাপ্লিকেশনভিত্তিক একটি নিরাপত্তা ব্যবস্থা প্রদর্শিত হয়েছে। ব্লুটুথের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে আনলক করা যায় এই স্মার্টলক। এ ছাড়া অ্যাপের মাধ্যমেও স্মার্টলকটি ম্যানুয়ালি আনলক করা যায়। স্মার্টফোন অ্যাপের মাধ্যমে বাড়িতে যেকোনো ব্যক্তিকে প্রবেশাধিকার সুবিধাও দেয়া সম্ভব হবে এই স্মার্টলকের সাহায্যে। আগামী মার্চে এই স্মার্টলক বাজারে আসবে।

ভিআর গেমিং

অত্যাধুনিক ভিআর তথা ভার্চুয়াল রিয়েলিটি গেমিং ডিভাইস এবারের সিইএস মেলায় গেমারদের মধ্যে ব্যাপক সাড়া ফেলে। অকিউলাস ভার্চুয়াল রিয়েলিটি নিয়ে এসেছে সর্বশেষ সংস্করণ অকিউলাস রিফট ক্রিস্টাল কোভ। এ ক্ষেত্রে আগের মোশন ব্লার টেকনোলজি বাদ দিয়ে শরীর ও মাথার অবস্থান শনাক্ত করার জন্য এতে যুক্ত করা হয়েছে অত্যাধুনিক সব সেন্সর এবং ক্যামেরা। এগুলোর মাধ্যমে আরও সঠিক ও সুনির্দিষ্টভাবে মুভমেন্ট শনাক্ত করা সম্ভব হচ্ছে।

সনি এক্সপেরিয়া কমপ্যাক্ট স্মার্টফোন

সিইএস মেলা স্মার্টফোন জগতে বেশ কিছু নতুনত্ব দেখিয়েছে। মেলায় সনি প্রদর্শন করেছে তাদের স্মার্টফোন সিরিজের সর্বশেষ সংস্করণ সনি এক্সপেরিয়া জেড১ কমপ্যাক্ট। অত্যাধুনিক হাই রেজ্যুলেশন আইপিএস এলসিডি প্রযুক্তির ডিসপ্লের ও ৪.৩ ইঞ্চি স্ক্রিনের ফোনটিতে আছে স্ন্যাপড্রাগন কোয়াড কোর ৮০০ প্রসেসর,

সিইএস মেলার

(৪৬ পৃষ্ঠার পর)

থ্রিডি ক্যামেরার ল্যাপটপ

ল্যাপটপের জন্য থ্রিডি ক্যামেরা প্রদর্শন করে মেলায় চমক দেখিয়েছে ইন্টেল। নতুন প্রযুক্তির এই থ্রিডি ক্যামেরাতে উন্নত মানের সেন্সর ব্যবহার করা হয়েছে। ক্যামেরাটি দিয়ে কোনো ছবি তোলার সময় সেটির ব্যাকগ্রাউন্ড পরিবর্তন

করা যাবে। এটি দিয়ে দূরত্ব, আকার-আকৃতি, গভীরতা, রং এবং কোনো বস্তুর সীমারেখাও পরিমাপ করা যাবে। রিমোর্ট নিয়ন্ত্রিত এই ক্যামেরা দিয়ে থ্রিডি ব্লুপ্রিন্ট তৈরি করা যায়। ক্যামেরাটি শরীরের অঙ্গভঙ্গি, ভয়েস এবং ফেসিয়াল এক্সপ্রেশন দিয়ে নিয়ন্ত্রণ করা ছাড়াও ইমোশন নির্ণয় করতে এতে আছে বিশেষ সেন্সর।

গ্যালাক্সি নোট প্রো ট্যাবলেট

সিইএস মেলার ট্যাবলেট ক্যাটাগরিতে প্রযুক্তিপ্রেমীদের বেশি নজর কেড়েছে স্যামসাং গ্যালাক্সি নোট প্রো ১২.২। মাল্টিটাস্কিং ফিচারের ১২.২ ইঞ্চি পর্দার এই ট্যাবলেটে আছে একসাথে চারটি অ্যাপস চালানোর সুবিধা। ডিভাইসটিতে পার্সোনাল, কর্মক্ষেত্র, সামাজিক এবং বিনোদনের খবরাখবর জানতে আলাদা আলাদা স্ক্রিন আছে। অফিসিয়াল কাজ করার জন্য আছে বিল্ট-ইন

অফিস অ্যাপস। স্বাচ্ছন্দ্য ব্যবহারে রয়েছে ল্যাপটপের আদলে কিবোর্ড লেআউট। তিন জিবি র‍্যাম ও কোয়ালকমের স্ন্যাপড্রাগন ৮০০ প্রসেসরের এই ট্যাব ইতোমধ্যে বেশ সাড়া ফেলেছে।

স্মার্টলক

নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে আসছে অত্যাধুনিক সব প্রযুক্তি ধারণার স্মার্টলক বা স্মার্টতালা। সিইএস মেলায় গোজি স্মার্টলক নামে অ্যাপ্লিকেশনভিত্তিক একটি নিরাপত্তা ব্যবস্থা প্রদর্শিত হয়েছে। ব্লুটুথের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে

আনলক করা যায় এই স্মার্টলক। এ ছাড়া অ্যাপের মাধ্যমেও স্মার্টলকটি ম্যানুয়ালি আনলক করা যায়। স্মার্টফোন অ্যাপের মাধ্যমে বাড়িতে যেকোনো ব্যক্তিকে প্রবেশাধিকার সুবিধাও দেয়া সম্ভব হবে এই স্মার্টলকের সাহায্যে। আগামী মার্চে এই স্মার্টলক বাজারে আসবে।

ভিআর গেমিং

অত্যাধুনিক ভিআর তথা ভার্চুয়াল রিয়েলিটি গেমিং ডিভাইস এবারের সিইএস মেলায় গেমারদের মধ্যে ব্যাপক সাড়া ফেলে। অকিউলাস ভার্চুয়াল রিয়েলিটি নিয়ে এসেছে সর্বশেষ সংস্করণ অকিউলাস রিফট ক্রিস্টাল কোভ। এ ক্ষেত্রে আগের মোশন ব্লার টেকনোলজি বাদ দিয়ে শরীর ও মাথার অবস্থান শনাক্ত করার জন্য এতে যুক্ত করা

হয়েছে অত্যাধুনিক সব সেন্সর এবং ক্যামেরা। এগুলোর মাধ্যমে আরও সঠিক ও সুনির্দিষ্টভাবে মুভমেন্ট শনাক্ত করা সম্ভব হচ্ছে।

সনি এক্সপেরিয়া কমপ্যাক্ট স্মার্টফোন

সিইএস মেলা স্মার্টফোন জগতে বেশ কিছু নতুনত্ব দেখিয়েছে। মেলায় সনি প্রদর্শন করেছে তাদের স্মার্টফোন সিরিজের সর্বশেষ সংস্করণ সনি এক্সপেরিয়া জেড১ কমপ্যাক্ট। অত্যাধুনিক হাই

রেজ্যুলেশন আইপিএস এলসিডি প্রযুক্তির ডিসপ্লের ও ৪.৩ ইঞ্চি স্ক্রিনের ফোনটিতে আছে স্ন্যাপড্রাগন কোয়াড কোর ৮০০ প্রসেসর, ২০.৭ মেগাপিক্সেল ক্যামেরা, এলটিই নেটওয়ার্ক সাপোর্ট, এনএফএস প্রোটোকল, এফ/২.০জি সিরিজের লেন্স এবং ২৩০০ এমএএইচ ব্যাটারি। এ ছাড়া আছে ওয়াটার প্রুফ, ডাস্ট প্রুফ সুবিধা কজ